# নির্দিষ্টকরণ আইন, ১৯৮৯

( ১৯৮৯ সনের ৩৭ নং আইন )

**১৯৯০ সালের ৩০শে জুন তারিখে সমাপ্য অর্থ বত্সরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে আরও কিছু অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদানের জন্য প্রণীত আইন।**

যেহেতু ১৯৯০ সালের ৩০শে জুন তারিখে সমাপ্য অর্থ বত্সরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে আরও কিছু অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্‌দ্বারা নিম্নরূপ আইন করা হইল :-

**সংক্ষিপ্ত শিরোনামা**

১। এই আইন নির্দিষ্টকরণ আইন, ১৯৮৯ নামে অভিহিত হইবে।

**১৯৮৯-৯০ অর্থ বত্সরের জন্য সংযুক্ত তহবিল হইতে উত্তোলনকৃত অর্থের অতিরিক্ত ১৬৪১৪,৭৯,৭১,০০০ টাকা উত্তোলন**

২। নির্দিষ্টকরণ (অগ্রিম মঞ্জুরী দান) আইন, ১৯৮৯ (১৯৮৯ সালের ৩৫ নং আইন) দ্বারা সংযুক্ত তহবিল হইতে উত্তোলনকৃত তিন হাজার দুইশত বিরাশি কোটি পঁচানব্বই লক্ষ ছিয়ানব্বই হাজার টাকার অতিরিক্ত তফসিলের কলাম ২এ বর্ণিত কার্য ও উদ্দেশ্যেসমূহ সম্পর্কে ১৯৯০ সালের ৩০শে জুন তারিখে সমাপ্য অর্থ বত্সর চলাকালীন সময়ে যে কতিপয় ব্যয় হইতে পারে তাহা বহনের জন্য তফসিলের কলাম ৩এ বর্ণিত অর্থসমূহের অনধিক অর্থ সর্বসাকুল্যে ষোল হাজার চারশত চৌদ্দ কোটি ঊনআশি লক্ষ একাত্তর হাজার টাকা সংযুক্ত তহবিল হইতে প্রদেয় ও প্রযোজ্য হইবে।

**নির্দিষ্টকরণ**

৩। এই আইন দ্বারা সংযুক্ত তহবিল হইতে প্রদান ও প্রয়োগ করিবার জন্য অনুমোদিত অর্থসমূহ ১৯৯০ সালের ৩০শে জুন তারিখে সমাপ্য অর্থ বত্সর সম্পর্কে তফসিলে বর্ণিত কার্য ও উদ্দেশ্যসমূহের জন্য নির্দিষ্ট করা হইবে।

Copyright © 2019, Legislative and Parliamentary Affairs Division